



Government of the People's Republic of Bangladesh  
Prime Minister's Office  
Access to Information (a2i) Programme



স্মারক নং: ০৩.৮০৪.০০৬.০০.০০.০৩৫.২০১৪/৫৭০

তারিখ: ১২ জুন, ২০১৪

**বিষয়: পাবলিক সার্ভিস উইক - ২০১৪ উপলক্ষে জাতীয় বাতায়ন উদ্বোধন প্রসঙ্গে।**

আপনি অবগত আছেন যে, সারাবিশ্বে আন্তর্জাতিকভাবে ২৩ জুন পাবলিক সার্ভিস ডে উদযাপিত হয়। প্রতিবারের ন্যায় এবারও বাংলাদেশে এ দিবসটি উদযাপিত হবে। এবারের প্রতিপাদ্য বিষয়: “টেকসই উন্নয়ন ও জনকল্যাণে দরকার উদ্ভাবনী সরকার”। এ দিবসটি উদযাপনের লক্ষ্যে এটুআই প্রোগ্রাম, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগ একত্রে কাজ করেছে। এ দিবসকে আরো বেশি অর্থবহ করে তোলার উদ্দেশ্যে এই প্রথমবারের মত বাংলাদেশে ২২-২৮ জুন, ২০১৪ পাবলিক সার্ভিস উইক পালনের সিদ্ধান্ত হয়েছে।

আপনি জেনে আনন্দিত হবেন যে, পাবলিক সার্ভিস সপ্তাহকে কেন্দ্র করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২৩ জুন, ২০১৪ (সোমবার) ২৪,০০০ ওয়েবসাইট সমৃদ্ধ জাতীয় বাতায়ন উদ্বোধনের জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত উদ্বোধন অনুষ্ঠানটি ২৩ জুন, ২০১৪ দুপুর ১২:৩০ ঘটিকায় মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে মন্ত্রিপরিষদ বৈঠকের পরেই অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে সরাসরি প্রচারিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

ইতোমধ্যে জাতীয় বাতায়ন সম্পর্কে জনসচেতনতা তৈরির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে এ বাতায়ন সম্পর্কে স্কুল ও কলেজের ছাত্রছাত্রীদেরকে নিয়ে রচনা প্রতিযোগিতা আয়োজনের জন্য আপনাদের নিকট একটি পত্র (সংযুক্তি-১) প্রেরণ করা হয়েছে। রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি ২৩ জুন ২০১৪ আয়োজন করতে হবে। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ২৩ জুন, ২০১৪ পাবলিক সার্ভিস সপ্তাহকে কেন্দ্র করে জাতীয় বাতায়ন উদ্বোধন অনুষ্ঠান আয়োজন এবং জেলা পর্যায়ে ২২-২৮ জুন, ২০১৪ সপ্তাহব্যাপী জাতীয় বাতায়ন সম্পর্কিত বিভিন্ন অনুষ্ঠান যেমন, সভা-সেমিনার, র্যালীর মাধ্যমে জাতীয় বাতায়ন সম্পর্কে তথ্য প্রচার, আঞ্চলিক/কমিউনিটি রেডিওতে টক শোর মাধ্যমে জনগণকে অবহিত করা, এবং স্থানীয় সংবাদপত্রের মাধ্যমে জনসচেতনতামূলক সংবাদ/ফিচার প্রকাশের ব্যবস্থা করা প্রয়োজন। এছাড়া, জাতীয় বাতায়ন নির্মানে অভিজ্ঞতা বিনিময়ের জন্য একটি পৃথক মতবিনিময় সভার আয়োজন করতে হবে এবং এ বিষয়ে প্রস্তুতিকালে অবশ্যই এটুআই প্রতিনিধি জনাব আলতাফ হোসেন সেখ, কনসালটেন্ট-ন্যাশনাল পোর্টাল ইমপ্লিমেন্টেশন-এর সাথে যোগাযোগ করতে হবে (ফোন: ০১৭১৬৫৭১১৫৮, ইমেইল: [altaf6715@gmail.com](mailto:altaf6715@gmail.com), [altafhossain@a2i.pmo.gov.bd](mailto:altafhossain@a2i.pmo.gov.bd))

উল্লেখ্য, ন্যাশনাল পোর্টাল উদ্বোধন উপলক্ষে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রতিটি ইউনিয়ন পর্যায়ে ২,০০০ টাকা, উপজেলা পর্যায়ে ৫,০০০ টাকা, জেলা পর্যায়ে ১০,০০০ টাকা এবং বিভাগীয় পর্যায়ে ১৫,০০০ টাকা ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। অধিকন্তু পাবলিক সার্ভিস উইক উদযাপন এবং রচনা প্রতিযোগিতা আয়োজনের জন্য উপজেলা পর্যায়ে ৫,০০০ টাকা এবং জেলা পর্যায়ে ১০,০০০ টাকা এবং রচনা প্রতিযোগিতার পুরস্কার প্রদানের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে ৪,৫০০.০০ (চার হাজার পাঁচশত) করে টাকা যথাশীঘ্র প্রদান করা হবে। এছাড়াও, পাবলিক সার্ভিস উইক উপলক্ষে জাতীয় বাতায়ন উদ্বোধন বিষয়ে প্রেস কনফারেন্সের জন্য জেলা তথ্য কর্মকর্তাদের নিকট অর্থ প্রেরণ করা হচ্ছে। এ বিষয়টি আপনার মাধ্যমে সমন্বয় করা প্রয়োজন।

পাবলিক সার্ভিস উইক-২০১৪ উপলক্ষে জাতীয় বাতায়ন উদ্বোধনের সার্বিক বিষয়াদি সমন্বয় সাধনের জন্য আপনাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নাইমুজ্জামান মুক্তা  
জনপ্রস্তুিত বিশেষজ্ঞ

একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম  
প্রধানমন্ত্রীর কার্যালয়।

ফোন: ৯১৪৪৮৪৮, ফ্যাক্স: ৮১৫৯৮৯৫

ই-মেইল: [naimuzzaman@a2i.pmo.gov.bd](mailto:naimuzzaman@a2i.pmo.gov.bd)

জেলা প্রশাসক (সকল)।

অনুলিপি ( সদয় অবগতির জন্য)

- ১। এন.এম. জিয়াউল আলম, অতিরিক্ত সচিব (প্রশাসনিক সংস্কার ও বাস্তবায়ন), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। সুবির কিশোর চৌধুরী, অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।